দৈনিক ইত্তেফাক

তারিখ FEB 1 0 1999
পৃষ্ঠা ৬ কলাম ৪

# জাগ্রত নোয়াখালীর স্বাক্ষরতা কর্মসূচীর কাজ শুরু

নোয়াখালী সংবাদদাতা ॥ প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ পরিচালিত উপ-আনুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তরের আওতায় নোয়াখালী জেলার ৬টি থানায় ১১ বৎসর হইতে ৪৫ বৎসর বয়স্ক নারী-পুরুষকে নিরক্ষরমুক্ত করিবার লক্ষ্যে জাগ্রত নোয়াখালীর সার্বিক স্বাক্ষরতা আন্দোলনের কাজ শুরু হইয়াছে। জেলার ৬টি থানার মধ্যে প্রথম পর্যায়ে বিগত বৎসরে কোম্পানীগঞ্জ থানার ৯টি ইউনিয়নে ৬৪ হাজার ৯৮০ জন নিরক্ষর নারী-পুরুষকে স্বাক্ষরতা প্রদান করা হয়। ইহাতে ব্যয় হইয়াছিল ১ কোটি ৩১ লক্ষ ২২ হাজার ২৭২ টাকা। পরবর্তীতে জেলার অপর ৫টি থানাকে নিরক্ষরমুক্ত কর্মসূচীর আওতায় আনা হয়। দ্বিতীয় পর্যায়ে চলতি মাসের ১ম ও ২য় সপ্তাহে ৩টি থানার মধ্যে সদর, বেগমগঞ্জ ও সেনবাগ থানার ৫৬টি ইউনিয়নের ২ লক্ষ ১২ হাজার ৯৬২ জন নারী-পুরুষকে নিরক্ষরমুক্ত করিবার কর্মসূচীর কাজ শুরু হইতেছে। বেগমগঞ্জ থানায় ৩৪ হাজার ২০ জন, সদর থানায় ১ লক্ষ ১৫ হাজার ৯৯২ জন ও সেনবাগ থানায় ২৬ হাজার ১১৮ জন নারী-পুরুষকে নিরক্ষরমুক্ত করিবার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। এই উপলক্ষে গত ২৮শে জানুয়ারী নোয়াখালী জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এক সেমিনার জেলা প্রশাসককে, এমডি আবুল কালামের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব ডঃ সাদত হোসাইন প্রধান অতিথি, উপ-আনুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তরের মহা-পরিচালক বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন।